



ঢাকা বিশ্ববিদ্যালয়

জরুরি বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের নিমিত্তে জরুরিভিত্তিতে তালিকা প্রণয়নের লক্ষ্যে ৩১-০৩-২০২১ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীকে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব পোর্টালে নিবন্ধন করতে হবে। পোর্টালে নিবন্ধন করার জন্য <https://ssl.du.ac.bd/studentlogin> লিংকে গিয়ে শিক্ষার্থীরা তাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর প্রদান করে নিবন্ধন প্রক্রিয়া শুরু করতে পারবে। যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে ইমেইল আইডি (Institutional email) পেয়েছেন, তারা ইমেইল আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করবেন। লগ ইন করার পর ড্যাসবোর্ড থেকে কোভিড-১৯ ভাইরাসের ভ্যাকসিনের জন্য নিবন্ধন করা যাবে। নিবন্ধনের জন্য প্রয়োজনীয় অধিকাংশ তথ্যই তাদের প্রোফাইল থেকে চলে আসবে। যেসকল শিক্ষার্থী এখনও Institutional email আইডি সংগ্রহ করেননি, তাদেরকে নিবন্ধনের জন্য প্রয়োজনীয় সকল তথ্য প্রদান করতে হবে। পরবর্তীতে শিক্ষার্থীদের প্রদানকৃত তথ্য তাদের নিজ বিভাগ/ইনস্টিটিউটে যাচাইয়ের জন্য পাঠানো হবে (কেবল মাত্র যাদের Institutional email আইডি নেই তাদের ক্ষেত্রে)। Institutional email আইডি সংগ্রহ করার জন্য শিক্ষার্থীদের নিজ বিভাগ/ইনস্টিটিউটের 'ইমেইল এডমিন'-এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়

(মো. এনামউজ্জামান)
রেজিস্ট্রার

ঢাকা বিশ্ববিদ্যালয়

নং রেজি/প্রশা-৩/ ৪৫১২৭-সি

তারিখ:

২০/০২ /১৪২৭ বঙ্গাব্দ

২৪/৬ /২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২. সকল হল ও হোস্টেলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩. সকল বিভাগীয় চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪. সকল ইনস্টিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫. সকল অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬. প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৭. পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(সকল শিক্ষার্থীদের জরুরি ভিত্তিতে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানাচ্ছি।)

(এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানাচ্ছি।)

৮. ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্যের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৯. ডেপুটি রেজিস্ট্রার, প্রো-উপাচার্যের অফিস (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়।
১০. ডেপুটি রেজিস্ট্রার, প্রো-উপাচার্যের অফিস (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয়।
১১. প্রিন্সিপ্যাল স্টোর অফিসার ও সচিব, কোষাধ্যক্ষের দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১২. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৩. জনাব মো. হাসিবুর রহমান, সহকারী রেজিস্ট্রার, ঢাঃ বিঃ (ই-মেইলে কপি প্রেরণের অনুরোধ জানানো হলো)।

(সৈয়দ মাসুদা আক্তার)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)

ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪০২১